# সংবাদ বিজ্ঞপ্তি

লালমনিরহাট জেলা সমিতি, ঢাকা'   র দ্বিবার্ষিক কার্যকরী পরিষদ নির্বাচন (২০২৬-২০২৭) সম্পন্ন

ঢাকা, ১০ অক্টোবর ২০২৫:

লালমনিরহাট জেলা সমিতি, ঢাকা-এর দ্বিবার্ষিক কার্যকরী পরিষদ নির্বাচন (২০২৬-২০২৭) সফলভাবে সম্পন্ন হয়েছে। এবারের নির্বাচনে পরবর্তী মেয়াদের জন্য নিম্নলিখিত সদস্যবৃন্দ নির্বাচিত হয়েছেন–

সভাপতি: সুলতানা ইয়াসমীন (লালমনিরহাট সদর)

সাধারণ সম্পাদক: এম. এ. হানিফ (আদিতমারী)

সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক: মো. সাজ্জাদ হোসেন (লালমনিরহাট সদর)

সাংগঠনিক সম্পাদক: মো. আনোয়ার কবির (লালমনিরহাট সদর)

কোষাধ্যক্ষ: মো. মেহেদী হাসান (লালমনিরহাট সদর)

গতকাল (১০ অক্টোবর ২০২৫) রাজধানীতে সমিতির কার্যালয়ে নির্বাচন ফলাফল ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমিতির প্রধান উপদেষ্টা মো. আব্দুল কাদের, সাবেক সভাপতি মো. শফিউল আলম, উপদেষ্টা ড. একরামুল হক, মো. নেয়ামুল হাসান, মো. রাহেদুল ইসলাম রঞ্জু, মো. মেজবাহ-উল-আজম সওদাগর, আবুল বাশার সুমন এবং কার্যকরী পরিষদ নির্বাচন-২০২৫ এর প্রধান নির্বাচন কমিশনার মো. আজিজুল ইসলাম।

এ সময় নির্বাচন কমিশনার মো. এনামুল হক ও মো. মামুন-অর-রশীদসহ অন্যান্য অতিথিবৃন্দও উপস্থিত ছিলেন।

উপদেষ্টা পরিষদ ও নির্বাচন কমিশনের পক্ষ থেকে নবনির্বাচিত কার্যকরী পরিষদের সদস্যদের প্রতি আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়।

উল্লেখ্য, পূর্বে ঘোষিত তফসিল ও সংশোধিত পুনঃতফসিল অনুযায়ী কার্যকরী পরিষদের ৬টি পদে প্রার্থীরা মনোনয়নপত্র সংগ্রহ করেন। সিনিয়র সহ-সভাপতি পদে মনোনয়ন যাচাই-বাছাই শেষে নির্বাচন কমিশন তা বাতিল ঘোষণা করে। সাধারণ সম্পাদক পদে দুইজন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করলেও পরবর্তীতে একজন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করেন।

ফলে সাধারণ সম্পাদক ব্যতীত অন্যান্য পদে একাধিক প্রার্থী না থাকায় সকলেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

গঠনতন্ত্র অনুযায়ী কার্যকরী পরিষদের সর্বমোট ২৯ (উনত্রিশ) সদস্যের বাকি পদসমূহ নবনির্বাচিত পরিষদ বিদ্যমান উপদেষ্টা পরিষদের সাথে সমন্বয় করে পূরণ করবেন।

ধন্যবাদান্তে,

শাহ্ আনোয়ারুল অনু

সচিব, নির্বাচন কমিশন

কার্যকরী পরিষদ নির্বাচন-২০২৫

লালমনিরহাট জেলা সমিতি, ঢাকা